

উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প  
স্থানীয় সরকার বিভাগ  
জনস্বাস্থ্য প্রকৌশল ভবন  
১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরনী, কাকরাইল, ঢাকা-১০০০।



স্মারক নং- ৪৬.৬০০.০০২.০০.০০.০৩৫(৩).২০২০.১৮০৭

তারিখঃ ০৩.০২.২০২১ খ্রি:


বিষয়: উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় নাটোর জেলার বড়াইগ্রাম উপজেলাধীন সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প (৪র্থ পর্যায়) বাস্তবায়নের সম্মতি ও অর্থ বরাদ্দ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সরাসরি বাস্তবায়নাধীন উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় বাস্তবায়নের জন্য আপনার উপজেলা হতে প্রেরিত নিম্নোক্ত সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য সম্মতি প্রদান করা হলো। উপ-প্রকল্প সমূহ বাস্তবায়নের জন্য নিম্নোক্ত পরিমাণ অর্থ অগ্রীম বরাদ্দ প্রদান করা হলো। বরাদ্দকৃত এই অর্থ প্রকল্পের একাউন্ট হতে উপজেলা পরিষদের প্রকল্পের নামীয় একাউন্টে স্থানান্তর করা হবে।

প্রকল্প নং	প্রকল্পের শিরোনাম	বরাদ্দকৃত অগ্রিম (ভ্যাট ও কর ব্যতীত) টাকা
সিডি-২০১৯-২০-৫০৬৯১৫-০১	কোভিড-১৯ সংক্রমণ রোধকল্পে স্বাস্থ্যকর্মীদের সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ	১৫৪৯৩৩.০০
সিডি-২০১৯-২০-৫০৬৯১৫-০২	পিপিআর এর সম্যক ধারণা ও নির্মাণ কাজের গুণগতমান নিশ্চিতকল্পে মনিটরিং কৌশল সম্পর্কিত বেসিক প্রশিক্ষণ	১৪৯৩৮০.০০
সিডি-২০১৯-২০-৫০৬৯১৫-০৩	মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের ডিজিটাল কনটেন্ট প্রস্তুতি ও শ্রেণী পাঠদান কৌশল সম্পর্কিত প্রশিক্ষণ	১৫৮৪৭২.০০
সিডি-২০১৯-২০-৫০৬৯১৫-০৪	বেকার যুবক-যুবতীদের বাসাবাড়ির ইলেক্ট্রিক্যাল লাইন ও পনির লাইন মেরামত প্রশিক্ষণ	১২৮৩৯১.০০
সিডি-২০১৯-২০-৫০৬৯১৫-০৫	ভার্মি কম্পোষ্ট উৎপাদন বিষয়ক কৃষক/কৃষাণী প্রশিক্ষণ	১১৬৬২৬.০০
সিডি-২০১৯-২০-৫০৬৯১৫-০৬	ই-নথি ব্যবস্থাপনা ও তথ্য বাতায়ন এর উপর প্রশিক্ষণ	১৪৫৮২৮.০০
সিডি-২০১৯-২০-৫০৬৯১৫-০৭	ভূমি ভাবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা	১৪৬৩৭০.০০
মোট=দশ লক্ষ টাকা		১০০০০০০.০০

১. বরাদ্দকৃত অর্থ অত্র পত্রের সাথে সংযুক্ত সক্ষমতা বৃদ্ধিমূলক উপ-প্রকল্প পরিকল্পনা ও বাস্তবায়ন নির্দেশনাসমূহ যথাযথ অনুসরণ করে ব্যয় করতে হবে।
২. সকল উপ-প্রকল্প প্রস্তাবনা সংশ্লিষ্ট উপজেলা কমিটির মাধ্যমে উপজেলা প্রকল্প বাছাই কমিটিতে উপস্থাপন করতে হবে।
৩. উপ-প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার সংশ্লিষ্ট বিভাগের সহযোগিতায় দ্বৈততা পরিহারের বিষয়টি নিশ্চিত করবেন এবং প্রকল্প সমাপ্ত প্রতিবেদনে দ্বৈততা পরিহার করা হয়েছে এ মর্মে প্রত্যয়ন প্রদান করবেন।

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ  
বড়াইগ্রাম, নাটোর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার  
বড়াইগ্রাম, নাটোর।

  
(কাজী আশরাফ উদ্দীন)  
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)  
ফোন: ৫৫১৩০৭২৫

অনুলিপি সদয় অবগতির জন্য: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৩. পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী।
৪. জেলা প্রশাসক, নাটোর।
৫. উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর।
৬. প্রোগাম অফিসার, জাইকা।
৭. উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটের, বড়াইগ্রাম, নাটোর।